অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/23/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল আর্থ উইক চলাকালীন সময় NYSERDA প্রোগ্রামের মাধ্যমে স্থানীয়ভাবে-উৎপন্ন শক্তির মাধ্যমে তার ক্যাম্পাসে শক্তি সরবরাহের জন্য প্রথম স্টেট বিশ্ববিদ্যালয় হিসাবে SUNY ওনিওন্টাকে হাইলাইট করেছেন

NYSERDA এবং SUNY-এর মধ্যে প্রথমবারের মতো ট্রানজেকশন হলো অন্যান্য শক্তি ব্যবহারকারীদের জন্য একটি প্রতিলিপিযোগ্য মডেল; কার্বন ফুটপ্রিন্ট কমিয়ে আনাকে উৎসাহিত করে এবং স্টেট জুড়ে স্থানীয়, নবায়নযোগ্য শক্তি প্রকল্পগুলোকে সমর্থন করে

স্থানীয়, ক্লিন এনার্জি ওনিওন্টা ক্যাম্পাসে চারটি 200-শয্যার আবাসিক হলে শক্তি সরবরাহ করবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা দিয়েছেন যে স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক অ্যাট ওনিওন্টা (SUNY Oneonta) প্রথম SUNY যেটি নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটির (NYSERDA) স্বেচ্ছাসেবী বিক্রয় প্রোগ্রাম থেকে টায়ার 1 রিনিউয়েবল এনার্জি সার্টিফিকেট (REC) ক্রয় করেছে। এই ক্রয়টি হলো শক্তি ব্যবহারকারী - বাণিজ্যিক, শিল্প এবং প্রাতিষ্ঠানিক ইউটিলিটি গ্রাহকদের- স্টেট জুড়ে অনুকরণ তৈরি করার জন্য একটি মডেল এবং SUNY ওনিওন্টা ক্যাম্পাসে চারটি 200-শয্যার আবাসিক হলগুলোতে সম্পূর্ণরূপে শক্তি সরবরাহের জন্য পর্যাপ্ত স্থানীয়ভাবে-উৎপন্ন দূষণমুক্ত শক্তি সরবরাহ করবে।

"নিউ ইয়র্ক স্টেট ক্লিন এনার্জি সলিউশন এবং স্থায়ীত্বশীলতার অগ্রগতির প্রতি তার প্রতিশ্রুতি প্রদর্শন করে চলেছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমি SUNY ওনিওন্টাকে তার ক্যাম্পাসকে দূষণমুক্ত শক্তি ব্যবহার করার জন্য ধন্যবাদ জানাই। এই প্রোগ্রামটি শুধুমাত্র বিশ্ববিদ্যালয়কে কার্বন নিরপেক্ষতা অর্জনের এক ধাপ কাছাকাছি নিয়ে যায় না বরং এটি অন্যান্য SUNY ক্যাম্পাসগুলোর অনুসরণ করার জন্য একটি ব্লুপ্রিন্টও প্রদান করে।"

NYSERDA এর মাধ্যমে বাস্তবায়িত ভলান্টারি টায়ার 1 REC প্রিসেল প্রোগ্রামটি 2023 সালে- বাণিজ্যিক, শিল্প এবং প্রাতিষ্ঠানিক ইউটিলিটি গ্রাহক সহ - একটি প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মাধ্যমে NYSERDA এর মাধ্যমে সংগ্রহ করা হাই-কোয়ালিটি নিউ ইয়র্ক টায়ার 1 REC ক্রয় করতে যেকোনো প্রতিষ্ঠানের সুযোগ সুবিধা সৃষ্টির জন্য প্রতিষ্ঠিত হয়েছিল। টায়ার 1 RECs বায়ু এবং সৌর শক্তির মতো নবায়নযোগ্য রিসোর্স থেকে প্রাপ্ত এক মেগাওয়াট ঘন্টা (MWh) শক্তির পরিবেশগত বৈশিষ্ট্যগুলোকে উপস্থাপন করে। এই প্রোগ্রামের জন্য সোর্সগুলো অবশ্যই

নবায়নযোগ্য শক্তি স্ট্যান্ডার্ড (RES)-যোগ্য হতে হবে এবং নতুন নবায়নযোগ্য এনার্জি জেনারেটর থেকে এসেছে যা 1 জানুয়ারী, 2015 বা তার পরে কাজ শুরু করেছে। REC ক্রয়ের মাধ্যমে SUNY ওয়ানওন্টা 2025 সালে 1,000 MWhs নতুন, স্থানীয় নবায়নযোগ্য শক্তি দাবি করবে।

NYSERDA-এর প্রোগ্রামে অংশগ্রহণের মাধ্যমে অর্গানাইজেশনগুলো তাদের কার্বন নিঃসরণ কমিয়ে আনতে এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে স্থানীয়, নবায়নযোগ্য শক্তি প্রকল্পগুলোকে সমর্থন করতে পারে।

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটির প্রেসিডেন্ট ও CEO Doreen M. Harris (ডোরিন এম. হ্যারিস) বলেন, "নিউ ইয়র্ক স্টেটের এনার্জি লিডারশিপের একটি গুরুত্বপূর্ণ কাজের অংশ হলো সকল নিউ ইয়র্কবাসীর জন্য বিশেষ করে বহু শিক্ষার্থী, অনুষদ এবং কলেজ ক্যাম্পাসে থাকেন এবং কাজ করেন এমন অন্যান্যদের জন্য স্থানীয়ভাবে তৈরি করা নবায়নযোগ্য শক্তি নিশ্চিত করা। SUNY ওনিওন্টার সাথে তার পারস্পরিক সহযোগিতার জন্য NYSERDA গর্ববোধ করে এবং ভবিষ্যতে এই প্রোগ্রামের মাধ্যমে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের মত অন্যান্য শক্তি ব্যবহারকারীদের সাথে সাথে কাজ করার জন্য অত্যান্ত আগ্রহী।"

স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্কের চ্যান্সেলর John B. King Jr. (জন বি. কিং জুনিয়র) বলেন, "SUNY-এর জলবায়ু এবং সাসটেইনিবিলিটি অ্যাকশন প্ল্যানের মাধ্যমে SUNY ওনিওন্টার মতো ক্যাম্পাসগুলো এক ধরনের পরিবর্তন নিয়ে আসছে যা তাদের ভবিষ্যত শক্তির স্থায়িত্ব এবং আমাদের পরিবেশিত আশেপাশের কমিউনিটিগুলোতে তার সরাসরি প্রভাব ফেলবে। টায়ার 1 রিনিউয়েবল এনার্জি সার্টিফিকেট ক্রয় করা জন্য গভর্নর Hochul (হোকল) এর প্রোগ্রামে প্রথম যোগদান করার জন্য আমরা SUNY ওনিওন্টার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি এবং আমি এই উদ্যোগ থেকে শেয়ারকৃত শিখনের অপেক্ষায় আছি যাতে আমাদের আরো অনেক কলেজ এবং বিশ্ববিদ্যালয় বুঝতে পারে যে কীভাবে REC-কে তাদের ক্লিন এনার্জি প্রোগ্রামে সবচেয়ে ভালোভাবে অন্তর্ভুক্ত করা যেতে পারে।"

স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্কের ওনিওন্টার প্রেসিডেন্ট Alberto Cardelle (আলবার্তো কার্ডেল) বলেন, "SUNY সাসটেইনেবিলিটি কাউন্সিলের কো-চেয়ার হিসেবে আমার ভূমিকার মাধ্যমে আমার SUNY জলবায়ু এবং টেকসই কর্ম পরিকল্পনা উন্নত করতে SUNY সিস্টেমের মাধ্যমে নেতাদের কাছাকাছি থেকে কাজ করার সুযোগ রয়েছে। টায়ার 1 রিনিউয়েবল এনার্জি সার্টিফিকেট ক্রয় করা হলো একটি ইতিবাচক পদক্ষেপ যেটি আমরা জলবায়ু পরিবর্তন এবং স্থায়িত্ব মোকাবেলায় নেতৃত্ব দেওয়ার জন্য SUNY ওনিওন্টাতে গ্রহণ করছি। আমাদের ক্যাম্পাস কমিউনিটি, শিক্ষার্থী থেকে শিক্ষক এবং দর্শনার্থী, স্থায়ীত্বশীলতা মূল্য দেয় এবং একটি প্রতিষ্ঠান হিসাবে এটি আমাদের মূল মানগুলোর মধ্যে একটি।"

অ্যাসেম্বলিমেম্বার Brian Miller (ব্রায়ান মিলার) বলেন, "স্থানীয়ভাবে উৎপাদিত ক্লিন এনার্জি ব্যবহার করার ক্ষেত্রে SUNY প্রতিষ্ঠানগুলোর মধ্যে একজন নেতা হওয়ার জন্য আমি SUNY ওনিওন্টাকে ধন্যবাদ জানাই। টায়ার 1 রিনিউয়েবল এনার্জি সার্টিফিকেটটি অর্জনের মাধ্যমে NYSERDA-এর স্বেচ্ছাসেবী বিক্রয় প্রোগ্রাম ব্যবহার করে সম্পূর্ণরূপে আবাসিক হলগুলোকে শক্তি সরবরাহকারী প্রথম ক্যাম্পাস হওয়ার মাধ্যমে আমরা যখন স্থায়িত্ব, উদ্ভাবন এবং স্থানীয়

প্রভাবকে অগ্রাধিকার প্রদান করি তখন তারা প্রকৃতপক্ষেই কি করা সম্ভব সেটার একটি শক্তিশালী উদাহরণ স্থাপন করছিল," অ্যাসেম্বলিম্যান Brian Miller (ব্রায়ান মিলার)বলেন। "এটি এমন একটি মডেল যা নিউ ইয়র্ক জুড়ে প্রতিষ্ঠান এবং শক্তি ব্যবহারকারীরা একটি পরিষ্কার, আরো স্থিতিস্থাপক ভবিষ্যতের দিকে কাজ করার সময় দেখতে পারে।"

এই ক্রয়টি SUNY ওনিওন্টার ক্লিন এনার্জি মাস্টার প্ল্যানের অংশ যা 2045 সালের মধ্যে কার্বন নিরপেক্ষতার জন্য একটি রোডম্যাপ তৈরি করে। ইউনিভার্সিটি তার ক্যাম্পাস ভবনগুলোকে হীট পাম্প প্রযুক্তিতে রূপান্তরিত করে এবং এই REC-গুলো কেনার পাশাপাশি এর অনসাইট সৌর শক্তি উৎপাদন, SUNY ওনিওন্টার বৈদ্যুতিক ব্যবহার অফসেট করতে সাহায্য করবে।

NYSERDA হলো নিউ ইয়র্কে টায়ার 1 REC ক্রয় ও বিক্রয়ের মুল প্রশাসক এবং এর টায়ার 1 প্রোগ্রামের মাধ্যমে বিবিধ পরিচ্ছন্ন শক্তির সরবরাহকে সমর্থন করে। এই প্রোগ্রামে অংশগ্রহণকারীরা বর্তমান অপারেটিং প্রকল্পগুলো থেকে অবিলম্বে পরিবেশগত সুবিধাগুলো সুরক্ষিত করতে পারে।

প্রোগ্রাম সম্পর্কিত আরো বিস্তারিত তথ্য NYSERDA এর ওয়েবসাইটটির এখানে পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ু এজেন্ডা

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর এজেন্ডা এমন একটি পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিতে একটি সাশ্রয়ী মূল্যের এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করে, পরিবেশ অনুকূল বিনিয়োগের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি বাড়ায় এবং তাদের সুবিধাগুলির কমপক্ষে 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে প্রদান করার জন্য নির্দেশ করে। নিউ ইয়র্ক 2050 সালের মধ্যে একটি নির্গমন-মুক্ত অর্থনীতি অর্জনের জন্য অনেক প্রচেষ্টার উন্নতি করছে, যার মধ্যে শক্তি, ভবন, পরিবহণ এবং বর্জ্য খাতগুলি অন্তর্ভুক্ত।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন